

## সরকার শিক্ষকদের অধিকারের ব্যাপারে যথেষ্ট আন্তরিক

.....শিক্ষামন্ত্রী  
ইত্তেফাক রিপোর্ট ॥ গতকাল শনিবার  
বিশ্ব শিক্ষক দিবস পালন উপলক্ষে শিক্ষা  
মন্ত্রণালয়, ইউনেস্কো পু নায়েম' আয়োজিত  
এক আলোচনা (১৪শ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## সরকার শিক্ষকদের

(৩য় পৃঃ পর)

সভায় প্রধান অতিথি শিক্ষামন্ত্রী ডঃ এম ওসমান  
ফারুক বলেছেন, সরকার শিক্ষকদের অধিকার  
ও মর্যাদা রক্ষার ব্যাপারে যথেষ্ট আন্তরিক।  
ইতিমধ্যে শিক্ষকদের কল্যাণে ব্যাপক  
পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। শিক্ষামন্ত্রী বলেন,  
শিক্ষকেরা দায়-দায়িত্ব পালনে আন্তরিক হলে  
তাদের অধিকার ও মর্যাদার বিষয়টি আরো  
গুরুত্ব পাবে। নায়েম মিলনায়তনে অনুষ্ঠিত  
এই সভায় অধ্যাপক এম শরিফুল ইসলাম ও  
এম কুদ্দুস পৃথক দু'টি প্রবন্ধ পাঠ করেন।  
অধ্যাপক মোস্তাফিজুর রহমান, অধ্যাপক  
মাযহারুল হান্নান, অধ্যাপক ইসহাক হোসেন,  
অধ্যাপক দিলারা হাফিজ প্রমুখ সভায় বক্তৃতা  
করেন। সভাপতিত্ব করেন শিক্ষা সচিব  
মোহাম্মদ শহীদুল আলম।